# এজেন্ট ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন

## (জুলাই-সেপ্টেম্বর ২০১৭)

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

## ১.০। ভূমিকাঃ

বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় ব্যাংকিং সেবাকে ব্যয় সাশ্রয়ীভাবে গ্রামীণ জনগোষ্ঠীসহ চরাঞ্চলে বসবাসকারী সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ২০১৩ সাল হতে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম অনুমোদন করে। এজেন্ট ব্যাংকিং এর মূল লক্ষ্য অ-ব্যাংক এজেন্টের মাধ্যমে জনগণকে ব্যয়সাশ্রয়ী, নিরাপদ ও আধুনিক প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের সহায়ক পরিবেশ সৃষ্টি করা। বিশেষত যেসব স্থানে ব্যাংকের শাখা স্থাপন করা ব্যয়বহুল ও অলাভজনক, সে সব স্থানে অ-ব্যাংক এজেন্টের মাধ্যমে ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে গ্রামীণ অর্থনীতির চাকা সচল রাখার ক্ষেত্রে এজেন্ট ব্যাংকিং বেশ জনপ্রিয় এবং কার্যকরী মাধ্যম হিসেবে পরিচিতি লাভ করছে। এ প্রেক্ষিতে এজেন্ট ব্যাংকিং সেবাকে অধিকতর নিরাপদ; সুসংবদ্ধ ও গ্রাহকবান্ধব করার লক্ষ্যে এজেন্ট ব্যাংকিং এর বিদ্যমান নীতিমালাসমূহ একীভূত ও হালনাদাগকরণসহ বাংলাদেশ ব্যাংক ১৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে একটি পূর্ণাঙ্গ Prudential Guidelines for Agent Banking Operation in Bangladesh জারি করেছে।

বাংলাদেশ ব্যাংক হতে এ পর্যন্ত ১৮ টি তফসিলি ব্যাংক-কে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনার লাইসেন্স প্রদান করা হয়েছে। তন্মধ্যে ১৩ টি ব্যাংক মাঠ পর্যায়ে এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। গাইডলাইনে সংযোজিত রিপোর্টিং ফরমেট মোতাবেক কার্যক্রম পরিচালনাকারী ব্যাংকগুলো বাংলাদেশ ব্যাংকে ত্রৈমাসিক ভিত্তিতে এজেন্ট ব্যাংকিং প্রতিবেদন প্রেরণ করছে এবং ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট হতে উক্ত তথ্য পর্যালোচনাপূর্বক নিয়মিতভিত্তিতে এজেন্ট ব্যাংকিং সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে।

### ১.১। নিম্নে ৩০ সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ১৩ টি ব্যাংকের এজেন্ট ও আউটলেট এর সংখ্যাভিত্তিক তথ্য তুলে ধরা হলো:

ছকঃ ১

| ক্র: নং | ব্যাংক | এজেন্টের সংখ্যা | | | আউটলেটের সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | শহর | গ্রাম | মোট | শহর | গ্রাম | মোট |
| ১। | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ৮৭ | ৩৫৮ | ৪৪৫ | ২২৮ | ১,২৫৯ | ১,৪৮৭ |
| ২। | ব্যাংক এশিয়া লিঃ | ৬২ | ১,১৬১ | ১,২২৩ | ৬৭ | ১,২০৫ | ১,২৭২ |
| ৩। | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ | ৮ | ৬৩ | ৭১ | ১০ | ৮৯ | ৯৯ |
| ৪। | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ | - | ৬০ | ৬০ | - | ৬০ | ৬০ |
| ৫। | মধুমতি ব্যাংক লিঃ | - | ১৪৮ | ১৪৮ | - | ১৪৮ | ১৪৮ |
| ৬। | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | ৩ | ২৪ | ২৭ | ৩ | ২৭ | ৩০ |
| ৭। | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ | ১ | ২ | ৩ | ৪ | ৩৫৬ | ৩৬০ |
| ৮। | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | ১ | ১৪ | ১৫ | ১ | ১৪ | ১৫ |
| ৯। | অগ্রণী ব্যাংক লিঃ | - | ১ | ১ | - | ৭২ | ৭২ |
| ১০। | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | - | ১০ | ১০ | - | ১০ | ১০ |
| ১১। | মিডল্যান্ড ব্যাংক লিঃ | - | ৪ | ৪ | - | ৪ | ৪ |
| ১২। | দি সিটি ব্যাংক লিঃ | ২ | ৩ | ৫ | ২ | ৩ | ৫ |
| ১৩। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | - | ৩ | ৩ | - | ৩ | ৩ |
| | মোট | ১৬৪ | ১,৮৫১ | ২,০১৫ | ৩১৫ | ৩,২৫০ | ৩,৫৬৫ |

ছক-১ এ এজেন্ট ব্যাংকিং কার্যক্রম পরিচালনাকারী ব্যাংকসমূহের শহর ও গ্রামকেন্দ্রিক এজেন্ট ও আউটলেট এর সংখ্যাভিত্তিক তথ্য তুলে ধরা হয়েছে। আলোচ্য ত্রৈমাসিকে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ কর্তৃক এজেন্ট ব্যাংকিং কার্যক্রম শুরু করায় বর্তমানে ১৩ টি ব্যাংক এর সর্বমোট ২,০১৫ টি এজেন্ট এর আওতায় ৩,৫৬৫ টি আউটলেটের মাধ্যমে সারাদেশে এজেন্ট ব্যাংকিং সেবা প্রদান করা হচ্ছে। প্রতিবেদনে দেখা যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক প্রায় সবগুলি ব্যাংক,

গ্রাম ও শহরে আউটলেট স্থাপনের অনুপাত ৩ঃ১ অনুসরণ করছে। এজেন্টের সংখ্যার দিক থেকে ব্যাংক এশিয়া লি. শীর্ষে অবস্থান করলেও আউটলেট বিস্তৃতিতে ডাচ-বাংলা ব্যাংক লিঃ সবথেকে এগিয়ে আছে যার সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত মোট আউটলেটের সংখ্যা ১,৪৮৭ টি। আউটলেট বিস্তৃতিতে দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে আছে যথাক্রমে ব্যাংক এশিয়া লিঃ ও এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ।

## ১.২। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে খোলা হিসাবসমূহের (খাতওয়ারী) তথ্য নিম্নরূপঃ


**ছকঃ২**

| ক্রঃ নং | ব্যাংক | হিসাব সংখ্যা | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শহর (১) | গ্রাম (২) | পুরুষ (৩) | নারী (৪) | চলতি (৫) | সঞ্চয়ী (৬) | অন্যান্য (৭) | মোট (১)+(২)=(৩)+(৪) =(৫)+(৬)+(৭) |
| ১। | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ১৩২,৯৪৯ | ৫৫০,০৩০ | ৫২০,৬৩২ | ১৬২,৩৪৭ | ১২,৫১৩ | ৬০৬,৮৫৮ | ৬৩,৬০৮ | **৬৮২,৯৭৯** |
| ২। | ব্যাংক এশিয়া লিঃ | ১৬,৭২৪ | ২২০,৫৫৪ | ১২৮,৮৩৫ | ১০৮,৪৪৩ | ১৪,৪৩৭ | ১৯৯,৫৫৭ | ২৩,২৮৪ | **২৩৭,২৭৮** |
| ৩। | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ | ২,৬৮৩ | ৫৭,৮৫৯ | ৩৭,৮০৯ | ২২,৭৩৩ | ৫,২৭০ | ৪২,৩১৩ | ১২,৯৫৯ | ৬০,৫৪২ |
| ৪। | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ | - | ১৭,৮০৪ | ৮,৬২৩ | ৯,১৮১ | ৬২ | ১৭,০৫২ | ৬৯০ | ১৭,৮০৪ |
| ৫। | মধুমতি ব্যাংক লিঃ | - | ৬,৬১৩ | ৪,০৮৭ | ২,৫২৬ | ৪১৭ | ৬,০৭৯ | ১১৭ | ৬,৬১৩ |
| ৬। | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | ৭৫১ | ৯,০০১ | ৬,১৮১ | ৩,৫৭১ | ৬১২ | ৭,১৪৮ | ১,৯৯২ | ৯,৭৫২ |
| ৭। | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ | ১,৬৭৬ | ৪,০৪৯ | ৩,৩৭০ | ২,৩৫৫ | ৩৪ | ৪,৭৩২ | ৯৫৯ | ৫,৭২৫ |
| ৮। | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | ২২৭ | ৩,৭১৬ | ২,৫৯৭ | ১,৩৪৬ | ৫৮০ | ২,৬২৬ | ৭৩৭ | ৩,৯৪৩ |
| ৯। | অগ্রণী ব্যাংক লিঃ | - | ৮,৭৩৭ | ৫,৮৫৮ | ২,৮৭৯ | ৭৪৪ | ৭,৩০৪ | - | ৮,০৪৮ |
| ১০। | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | - | ৪,১৬৫ | ২,৯৪০ | ১,২২৫ | ৫২০ | ২,৯২২ | ৭২৩ | **৪,১৬৫** |
| ১১। | মিডল্যান্ড ব্যাংক লিঃ | - | ২৬২ | ১৬৬ | ৯৬ | ১২ | ১১৬ | ১৩৪ | **২৬২** |
| ১২। | দি সিটি ব্যাংক লিঃ | ৩৮৯ | ৫২০ | ৭৪৪ | ১৬৫ | ২৮৩ | ৫৩৯ | ৮৭ | **৯০৯** |
| ১৩। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | - | ২২২ | ১৭৩ | ৪৯ | ১৯ | ১৪৫ | ৫৮ | **২২২** |
| | **মোট** | **১,৫৫,৩৯৯** | **৮,৮৩,৫৩২** | **৭,২২,০১৫** | **৩,১৬,৯১৬** | **৩৫,৫০৩** | **৮,৯৭,৩৯১** | **১,০৫,৩৪৮** | **১০,৩৮,২৪২** |

ছক-২ হতে দেখা যায় যে, সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং ব্যবস্থায় ১৩ টি ব্যাংকের মাধ্যমে খোলা মোট হিসাব সংখ্যা ১০,৩৮,২৪২ টি। চলতি ত্রৈমাসিকে ব্যাংকগুলো এজেন্টের মাধ্যমে খোলা হিসাবসমূহের নানারূপ (শহর/গ্রাম, নারী/পুরুষ, চলতি/সঞ্চয়ী বা অন্যান্য হিসাব ভিত্তিক) তথ্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করেছে। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, শহরের তুলনায় গ্রামাঞ্চলে খোলা ব্যাংক হিসাবের সংখ্যা পাঁচ গুনেরও অধিক যা এজেন্ট ব্যাংকিং অনুমোদনের মূল উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ।

তথ্যে আরও দেখা যায়, এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে খোলা মোট হিসাবসংখ্যার ৫০% শতাংশেরও অধিক হিসাব ডাচ্-বাংলা ব্যাংক এর এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে খোলা হয়েছে । দ্বিতীয় এবং তৃতীয় শীর্ষ অবস্থানে রয়েছে যথাক্রমে ব্যাংক এশিয়া লিঃ এবং আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ। এজেন্টের মাধ্যমে খোলা মোট হিসাবসমূহের ব্যাংকওয়ারী চিত্র নিম্নরূপঃ

**চিত্রঃ ১**



## ১.৩। এজেন্ট ব্যাংকিং হিসাবসমূহের সংখ্যাভিত্তিক ত্রৈমাসিক তুলনামূলক চিত্র নিম্নরূপঃ

**ছকঃ ৩**

| ক্র: নং | ব্যাংক | হিসাব সংখ্যা | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | মার্চ/২০১৭ | জুন/২০১৭ | সেপ্টেম্বর/২০১৭ | পরিবর্তন (সেপ্টেম্বর-জুন) | পরিবর্তন (শতাংশে) |
| ১। | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ৪,৭৭,৯৯৩ | ৫,৭৫,১৮৫ | ৬,৮২,৯৭৯ | ১,০৭,৬১২ | ১৮.৭১% |
| ২। | ব্যাংক এশিয়া লিঃ | ১,৬২,৩৭৮ | ২,০১,১১১ | ২,৩৭,২৭৮ | ৩৬,১৬৭ | ১৭.৯৮% |
| ৩। | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ | ৪০,৭২১ | ৪৯,৮০৯ | ৬০,৫৪২ | ১০,৭৩৩ | ২১.৫৫% |
| ৪। | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ | ১০,৪৩৩ | ১৬,৭৩৯ | ১৭,৮০৪ | ১,০৬৫ | ৬.৩৬% |
| ৫। | মধুমতি ব্যাংক লিঃ | ১,৮৮৫ | ৫,৩০৬ | ৬,৬১৩ | ১,৩০৭ | ২৪.৬৩% |
| ৬। | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | ৪,৫৭১ | ৬,৫৪৭ | ৯,৭৫২ | ৩,২০৫ | ৪৮.৯৫% |
| ৭। | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ | ৪,২৩৯ | ৫,০০৬ | ৫,৭২৫ | ৭১৯ | ১৪.৩৬% |
| ৮। | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | ২,৫৬৬ | ৩,০২০ | ৩,৯৪৩ | ৯২৩ | ৩০.৫৬% |
| ৯। | অগ্রণী ব্যাংক লিঃ | ৫,৬১৮ | ৬,৫৬১ | ৮,০৪৮ | ১,৪৮৭ | ২২.৬৬% |
| ১০। | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | ২,০৫২ | ৩,২৫০ | ৪,১৬৫ | ৯১৫ | ২৮.১৫% |
| ১১। | মিডল্যান্ড ব্যাংক লিঃ | ৪৩ | ৮৩ | ২৬২ | ১৭৯ | ২১৫.৬৬% |
| ১২। | দি সিটি ব্যাংক লিঃ | ০ | ২৪৮ | ৯০৯ | ৬৬১ | ২৬৬.৫৩% |
| ১৩। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | ০ | ০ | ২২২ | ২২২ | - |
| | **মোট** | **৭,১২,৪৯৯** | **৮,৭২,৮৬৫** | **১০,৩৮,২৪২** | **১,৬৫,১৯৫** | **১৮.৯৩%** |

ছক-৩ হতে দেখা যাচ্ছে যে, জুলাই-সেপ্টেম্বর ২০১৭ মেয়াদে ১৩ টি ব্যাংকের এজেন্ট ব্যাংকিং আউটলেটের মাধ্যমে মোট ১,৬৫,১৯৫ টি নতুন হিসাব খোলা হয়েছে। তন্মধ্যে ডাচ-বাংলা ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ ও আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ কর্তৃক যথাক্রমে ১,০৭,৬১২ টি, ৩৬,১৬৭ টি ও ১০,৭৩৩ টি নতুন হিসাব খোলা হয়েছে। বিগত ত্রৈমাসিকের তুলনায় এ ত্রৈমাসিকে মোট হিসাব সংখ্যা ১৮.৯৩% বৃদ্ধি পেয়েছে।

## আমানত:


## ১.৪। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে খোলা হিসাবসমূহে আমানতের (খাতওয়ারী) চিত্র নিম্নে তুলে ধরা হলোঃ

**ছকঃ ৪** *(লক্ষ টাকায়)*

| ক্র: নং | ব্যাংক | হিসাবে স্থিতি | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শহর (১) | গ্রাম (২) | পুরুষ (৩) | নারী (৪) | চলতি (৫) | সঞ্চয়ী (৬) | অন্যান্য (৭) | মোট (১)+(২)=(৩)+(৪) =(৫)+(৬)+(৭) |
| ১। | ডাচ-বাংলা ব্যাংক | ৫,৬৫৯.২২ | ২৭,৮৯৭.৬০ | ২৬,৭১৭.৭৮ | ৬,৮৩৮.৮৯ | ২,০২৬.২৩ | ২৬,৩৮৬.১০ | ৯,০৭৯.০৬ | **৩৭,৪৭৩.৩৯** |
| ২। | ব্যাংক এশিয়া | ২,০০৭.৪৭ | ১৬,৫৪১.৯২ | ১২,৪৬৯.৯২ | ৬,০৭৯.৪৭ | ২,৫৫১.৭৬ | ৯,৩৮৯.০০ | ৬,৬০৮.৬৩ | **১৮,৫৪৯.৩৯** |
| ৩। | আল-আরাফাহ | ১,৬৩১.৮২ | ২৯,৮৩৬.৩৩ | ২৬,৮১৩.২৭ | ৪,৬৫৪.৮৮ | ২,২৩৮.১৭ | ৭,৩২৭.৫৭ | ২১,৯০২.৪১ | **৩১,৪৬৮.১৫** |
| ৪। | সোস্যাল ইসলামী | - | ৭৩.০৬ | ৫৭.১০ | ১৫.৬৫ | ৩৩.২৮ | ২১.৭৭ | ১৮.০১ | **৭৩.০৬** |
| ৫। | মধুমতি ব্যাংক | - | ১৬২.৬০ | ১৩২.৫২ | ৩০.০৮ | ১৬.৫০ | ১৩৮.৯৮ | ৭.১২ | **১৬২.৬০** |
| ৬। | মিউচুয়াল ট্রাস্ট | ৩৩৭.৬৬ | ২,৩৬১.৩৪ | ১,৯৩৯.৬৮ | ৭৫৯.৩২ | ৩৩৯.৯৭ | ১,২৯৮.৫৭ | ১,০৬০.৪৫ | **২,৬৯৮.৯৯** |
| ৭। | এনআরবিসি ব্যাংক | ২৪.২৫ | ৯৭.৮৩ | ৮৫.৫৯ | ৩৬.৬৯ | ৬.১২ | ৭৩.৩৭ | ৪২.৮০ | **১২২.২৮** |
| ৮। | স্ট্যান্ডার্ড ব্যাংক | ১০.৪১ | ৫৪০.২০ | ৪৫৬.৯৬ | ৯১.৬৫ | ৯৭.৪৪ | ৩২৩.৬৪ | ১২৯.৫৩ | **৫৫০.৬১** |
| ৯। | অগ্রণী ব্যাংক | | | | | | | | **১১৭.০০** |
| ১০। | ফার্স্ট সিকিউরিটি | - | ৫৮২.৬৩ | ৫০১.৫৭ | ৮১.০৬ | ১৮২.০২ | ২০৮.৪৫ | ১৯২.১৬ | **৫৮২.৬৩** |
| ১১। | মিডল্যান্ড ব্যাংক | - | ৪৫.০৫ | ৩৫.৯৫ | ৯.১০ | ১১.০০ | ১৩.৯০ | ২০.১৫ | **৪৫.০৫** |
| ১২। | দি সিটি ব্যাংক | ১৯২.৯৮ | ১৩৬.৫৭ | ৩০০.৮৫ | ২৮.৭০ | ১০৬.৫২ | ১৩৮.০৬ | ৮৪.৯৭ | **৩২৯.৫৫** |
| ১৩। | ইসলামী ব্যাংক | - | ৩৫.৬৯ | ২২.৪৫ | ১৩.২৪ | ১৫.২২ | ১৮.৯৭ | ১.৫০ | **৩৫.৬৯** |
| | মোট | ৯,৮৬৪.০১ | ৭৮,৩১০. ৮২ | ৬৯,৫৩৫.৬৪ | ১৮,৬৩৮.৭৩ | ৭,৬২৪.২৩ | ৪৫,৩২০.৩৭ | ৩৯,১৪৬.৭৯ | ৯২,২০৮.৩৯ |

ছক-৪ হতে দেখা যায় যে, এজেন্ট ব্যাংকিং পরিচালনাকারী ১৩ টি ব্যাংকের মাধ্যমে খোলা বিভিন্ন ধরণের হিসাবে সর্বমোট আমানতের পরিমাণ ৯২,২০৮.৩৯ লক্ষ টাকা। আলোচ্য ত্রৈমাসিকে ব্যাংকগুলো এজেন্ট ব্যাংকিং হিসাবসমূহে আমানতের খাতওয়ারী (শহর, গ্রাম, পুরুষ, নারী, চলতি, সঞ্চয়ী ও অন্যান্য) সুনির্দিষ্ট তথ্য এ বিভাগে প্রেরণ করেছে। তথ্যে পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে নারীদের অনুকূলে খোলা ৩,১৬,৯১৬ টি হিসাবের বিপরীতে চলতি ত্রৈমাসিকে মোট ১৮,৬৩৮.৭৩ লক্ষ টাকা আমানত রয়েছে। এছাড়া, গ্রামাঞ্চলে খোলা ৮,৮৩,৫৩২ টি হিসাবের বিপরীতে চলতি ত্রৈমাসিকে সর্বমোট ৭৮,৩১০.৮২ লক্ষ টাকা আমানত রয়েছে। হিসাবসমূহের মোট আমানতের ব্যাংকওয়ারী চিত্র নিম্নে তুলে ধরা হলো ঃ

**চিত্রঃ ২**





## ১.৫। এজেন্ট ব্যাংকিং আউটলেটে খোলা ব্যাংক হিসাবে আমানতের ত্রৈমাসিক তুলনামূলক চিত্র নিম্নরূপঃ

**ছকঃ ৫** *(লক্ষ টাকায়)*

| ক্র: নং | ব্যাংক | আমানত | | | |
|---|---|---|---|---|---|
| | | মার্চ/১৭ পর্যন্ত | জুন/১৭ পর্যন্ত | সেপ্টেম্বর/১৭ পর্যন্ত | পরিবর্তন |
| ১। | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ২২,৬৮৩.০০ | ২৮,৬৪৩.০০ | ৩৭,৪৭৩.৩৯ | ৮,৮৩০.৩৯ |
| ২। | ব্যাংক এশিয়া লিঃ | ১১,৬৭২.০০ | ১৪,০৯৬.০০ | ১৮,৫৪৯.৩৯ | ৪,৪৫৩.৩৯ |
| ৩। | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ | ১১,৯৯৬.০০ | ১৯,২৭৪.০০ | ৩১,৪৬৮.১৫ | ১২,১৯৪.১৫ |
| ৪। | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ | ৬৮.০০ | ৮১.০০ | ৭৩.০৬ | -৭.৯৪ |
| ৫। | মধুমতি ব্যাংক লিঃ | ৫৮.০০ | ৮৯.০০ | ১৬২.৬০ | ৭৩.৬ |
| ৬। | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | ৯৩৩.০০ | ১,৬৮৫.০০ | ২,৬৯৮.৯৯ | ১,০১৩.৯৯ |
| ৭। | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ | ৬৪.০০ | ১৩৭.০০ | ১২২.২৮ | -১৪.৭২ |
| ৮। | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | ৩৩৭.০০ | ৫০২.০০ | ৫৫০.৬১ | ৪৮.৬১ |
| ৯। | অগ্রণী ব্যাংক লিঃ | ১২৭.০০ | ৯৬.০০ | ১১৭.০০ | ২১.০০ |
| ১০। | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | ১৯৭.০০ | ৪৩২.০০ | ৫৮২.৬৩ | ১৫০.৬৩ |
| ১১। | মিডল্যান্ড ব্যাংক লিঃ | ০০৩.০০ | ৮.০০ | ৪৫.০৫ | ৩৭.০৫ |
| ১২। | দি সিটি ব্যাংক লিঃ | ০০০.০০ | ৭৮.০০ | ৩২৯.৫৫ | ২৫১.৫৫ |
| ১৩। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | - | - | ৩৫.৬৯ | ৩৫.৬৯ |
| | মোট | **৪৮,১৩৮.০০** | **৬৫,১২১.০০** | **৯২,২০৮.৩৯** | **২৭,০৮৭.৩৯** |

ছক-৫ হতে দেখা যায় যে, চলতি ত্রৈমাসিকে সর্বমোট আমানতের পরমিাণ গত ত্রৈমাসিকের তুলনায় ৪২% বৃদ্ধি পেয়ে ৯২,২০৮.৩৯ লক্ষ টাকায় দাঁড়িয়েছে। তবে সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ ও এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ এর আমানতের পরিমাণ গত ত্রৈমাসিকের তুলনায় কিছুটা হ্রাস পেয়েছে। আমানতের গতিধারা নিম্নরূপঃ

**চিত্রঃ ৩**




## রেমিট্যান্সঃ


**২.১।** রেমিট্যান্স সেবা প্রদানে এজেন্ট ব্যাংকিং বেশ কার্যকরী মাধ্যম হিসেবে বিবেচিত হচ্ছে। বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীকে রেমিট্যান্স সেবা প্রদানে এজেন্ট ব্যাংকিং অগ্রণী ভূমিকা পালন করছে। ব্যাংকের শাখার ন্যায় ব্যাংকিং এজেন্টগুলোও তুলনামূলক সহজ পদ্ধতিতে ও দ্রুততম সময়ে এ সেবা প্রদান করছে। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত ১৩ টি ব্যাংকের ২,০১৫ টি এজেন্টের মাধ্যমে সর্বমোট ১,২৪,০৩৪.৪১ লক্ষ টাকা রেমিট্যান্স বিতরণ করা হয়েছে। তন্মধ্যে গ্রামাঞ্চলে বিতরণকৃত রেমিট্যান্সের পরিমাণ সর্বমোট ১,১২,২৬৮.৭৯ লক্ষ টাকা এবং শহরাঞ্চলে বিতরণকৃত রেমিট্যান্সের পরিমাণ সর্বমোট ১১,২২৪.৫৫ লক্ষ টাকা। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে রেমিট্যান্স বিতরণে শীর্ষ তিন ব্যাংক যথাক্রমে ডাচ-বাংলা ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ ও আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে বিতরণকৃত রেমিট্যান্সের বিস্তারিত তথ্য নিম্নে তুলে ধরা হলোঃ

**ছকঃ ৬**

| ক্র: নং | ব্যাংক | ইনওয়ার্ড রেমিট্যান্স (লক্ষ টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | শহর | গ্রাম | মোট |
| ১। | ডাচ-বাংলা ব্যাংক লিঃ | ৭,৭৭৩.৭৫ | ৪৪,৭৩৬.১৭ | **৫২,৫০৯.৯২** |
| ২। | ব্যাংক এশিয়া লিঃ | ২,৮১৯.৬৭ | ৪২,৭৮২.৬০ | **৪৫,৬০২.২৭** |
| ৩। | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ | ৫৪৬.৯৯ | ২২,৭৭৯.২৭ | **২৩,৩২৬.২৬** |
| ৪। | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ | - | ৭৩.০৬ | **৭৩.০৬** |
| ৫। | মধুমতি ব্যাংক লিঃ | - | ৪৩.১৭ | **৪৩.১৭** |
| ৬। | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ | ৬৮.৫১ | ১,২২৯.৫০ | **১,২৯৮.০১** |
| ৭। | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ | - | ৬.৮৩ | **৬.৮৩** |
| ৮। | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ | ০.৫৮ | ৪৫৩.৮২ | **৪৫৪.৪০** |
| ৯। | অগ্রণী ব্যাংক লিঃ | | | **৫৪১.০৭** |
| ১০। | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ | - | ৭৮.৭৩ | **৭৮.৭৩** |
| ১১। | মিডল্যান্ড ব্যাংক লিঃ | - | ৫.৪৮ | **৫.৪৮** |
| ১২। | দি সিটি ব্যাংক লিঃ | ১৫.০৫ | ৬৬.৬৭ | **৮১.৭২** |
| ১৩। | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | - | ১৩.৪৯ | **১৩.৪৯** |
| | মোট | **১১,২২৪.৫৫** | **১,১২,২৬৮.৭৯** | **১,২৪,০৩৪.৪১** |

## ২.২। রেমিট্যান্স বিতরণের ব্যাংকওয়ারী চিত্র নিম্নরূপঃ

চিত্রঃ ৪





চিত্র-৪ হতে দেখা যায় যে, সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত ডাচ-বাংলা ব্যাংক লিঃ কর্তৃক ৫২,৫০৯.৯২ লক্ষ টাকা, ব্যাংক এশিয়া লিঃ এর মাধ্যমে ৪৫,৬০২.২৭ লক্ষ টাকা এবং আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ এর মাধ্যমে ২৩,৩২৬.২৬ লক্ষ টাকা রেমিট্যান্স বিতরণ করা হয়েছে।

## ঋণ বিতরণঃ

৩.১। এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ব্যাংকগুলো শুধু হিসাব খোলা/পরিচালনা করা ও রেমিট্যান্স বিতরণের মধ্যেই সীমাবদ্ধ নেই, ঋণ বিতরণের মাধ্যমে আয় উৎসারী কর্মকাণ্ডকে উৎসাহিত করে গ্রামীন অর্থনীতির চাকা সচল রাখার ব্যাপারেও সক্রিয় ভূমিকা পালন করছে। সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত এজেন্ট ব্যাংকিং কার্যক্রমে এগিয়ে থাকা ৩ টি ব্যাংকের মাধ্যমে সর্বমোট ৭,৮৭২.২০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এজেন্ট/আউটলেট এর মাধ্যমে বিতরণকৃত ঋণের চিত্র নিম্নে প্রদত্ত হলো ঃ

চিত্রঃ ৫



চিত্র-৫ এ দেখা যায়, ব্যাংক এশিয়া লিঃ তাদের এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে ৭,৫২৫.২০ লক্ষ টাকা ঋণ বিতরণ করেছে। এছাড়া, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিঃ কর্তৃক ৩৪৬.০০ লক্ষ টাকা এবং সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ কর্তৃক ১.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

## উপসংহারঃ

জনবহুল বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে এজেন্ট ব্যাংকিং একটি ফলপ্রসু উদ্যোগ বলে পরিগণিত। বিশ্ব ব্যাংকের Findex তথ্যমতে, বাংলাদেশে বসবাসরত প্রাপ্তবয়স্ক জনগণের শতকরা ৩১% ব্যক্তির নামে ব্যাংক হিসাব আছে। এছাড়া, গ্রামে বসবাসকারী জনগণের এক চতুর্থাংশের (শতকরা ২৫.৬%) নামে ব্যাংক হিসাব আছে। এসব জনগোষ্ঠীর প্রাতিষ্ঠানিক আর্থিক সেবা না পাওয়ার ক্ষেত্রে প্রান্তিক অঞ্চলে পর্যাপ্ত আর্থিক সেবা প্রতিষ্ঠান না থাকাকে অন্যতম কারণ হিসেবে বিভিন্ন গবেষণাপত্রে ও আন্তর্জাতিকভাবে চিহ্নিত করা হয়েছে। সে বিবেচনায়, জনগণের দোঁড়গোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছানোর অন্যতম পরিপূরক মাধ্যম হিসেবে এজেন্ট ব্যাংকিং কার্যকরী ভূমিকা রাখবে বলে আশা করা যায়। ব্যাংকগুলোর প্রেরিত ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনায়ও এ বিষয়ে ইতবাচক চিত্র ফুটে উঠেছে।

------------